

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-৩ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৪.৩৩.০০৯.১৮.৫৩

তারিখ: ১২ ফাল্গুন ১৪২৫

২৪ ফেব্রুয়ারি ২০১৯

বিষয়: চাকুরিতে পুনর্বহালসহ এম.পি.ও. চালুকরণের বিষয়ে মতামতসহ প্রতিবেদন প্রেরণ।  
সূত্র: জনাব মো: আখতারুজ্জামান, সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান), নবাবগঞ্জ মডেল বহুমুখী পাইলট উচ্চ বিদ্যালয়, নবাবগঞ্জ, দিনাজপুর এর আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো: আখতারুজ্জামান, সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান), নবাবগঞ্জ মডেল বহুমুখী পাইলট উচ্চ বিদ্যালয়, নবাবগঞ্জ, দিনাজপুর কর্তৃক দাখিলকৃত আবেদন এতদসঙ্গে প্রেরণ করা হলো। তিনি মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং ১২৭৬৬/২০১৮ এর আদেশ মোতাবেক চাকুরিতে পুনর্বহালসহ এম.পি.ও ভুক্তির জন্য আবেদন করেছেন।

২.০ এমতাবস্থায়, জনাব আখতারুজ্জামান, সহকারী শিক্ষক, এর আবেদন, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১২৭৬৬/২০১৮ এর আদেশ এবং তার বেতন ভাতার সরকারি অংশ স্থগিত হওয়ার বিষয়টি যাচাই পূর্বক আগামী ১৫ দিনের মধ্যে মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে



২৪-২-২০১৯

মোঃ কামরুল হাসান  
উপসচিব

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন,  
ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৪.৩৩.০০৯.১৮.৫৩/১(৩)

তারিখ: ১২ ফাল্গুন ১৪২৫

২৪ ফেব্রুয়ারি ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
- ৩) জনাব মো: আখতারুজ্জামান, সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান), নবাবগঞ্জ মডেল বহুমুখী পাইলট উচ্চ বিদ্যালয়, নবাবগঞ্জ, দিনাজপুর।



২৪-২-২০১৯

মোঃ কামরুল হাসান

উপসচিব